# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয় আমল ব্যতীত শুধু নিয়তের বিশুদ্ধতা কি যথেষ্ট?

উত্তর: বল, না; বরং নিয়তের শুদ্ধতা তথা একমাত্র আল্লাহর জন্যে আমল করার সাথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শরীয়ত মোতাবেক আমল হওয়া জরুরী। এর দলীল আল্লাহ তা‘আলার বাণী:

فَمَن كَانَ يَرۡجُواْ لِقَآءَ رَبِّهِۦ فَلۡيَعۡمَلۡ عَمَلٗا صَٰلِحٗا وَلَا يُشۡرِكۡ بِعِبَادَةِ رَبِّهِۦٓ أَحَدَۢا [الكهف: ١١٠]

“সুতরাং যে তার রবের সাক্ষাৎ কামনা করে, সে যেন ভালো আমল করে এবং তার রবের ইবাদতে কাউকে শরীক না করে”। [সূরা আল-কাহাফ, আয়াত: ১১০] আল্লাহ তা‘আলা এ আয়াতে আমল কবুল হওয়ার জন্য নিয়তের বিশুদ্ধতার শর্তারোপ করেছেন। সেই সঙ্গে নেক আমলটি সালেহ হওয়া; রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শরী‘আত মোতাবেক হওয়ার শর্তারোপ করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন